আজকের কাগজ

তারিখ 06 OCT 1993
পৃষ্ঠা ৬ কলাম ২

# বিশ্ববিদ্যালয়ে লেখাপড়ার পরিবেশ নেই —সালাম তালুকদার

বিএনপি'র মহাসচিব স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন মন্ত্রী ব্যারিস্টার আবদুস সালাম তালুকদার বলেছেন, আমরা যে পরিবেশে লেখাপড়া করেছি সে পরিবেশ এখন বিশ্ববিদ্যালয়ে নেই। আমরা সে পরিবেশ আনার চেষ্টা করছি। তিনি শিক্ষাঙ্গনকে সুন্দর ও সন্ত্রাসমুক্ত করার জন্যে ছাত্র সমাজকে এগিয়ে আসার আহবান জানান।

গতকাল স্যার এ এফ রহমান হল শাখা ছাত্রদলের সম্মেলনে প্রধান অতিথির ভাষণে তিনি এ কথা বলেন। তিনি এ দেশের গণতান্ত্রিক আন্দোলনে ছাত্রসমাজের ঐতিহ্যের কথা তুলে ধরে বলেন, এ ঐতিহ্যকে সমুন্নত রাখতে হবে।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বরকতউল্লাহ ভুলু এমপি, কলেজ শিক্ষক সমিতির মহাসচিব এম সরিফুল ইসলাম, এ্যাডভোকেট মজিবুর রহমান, আবুল খায়ের ভুঁইয়া, ফজলুল হক মিলন প্রমুখ। **বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি কোন**

সম্মেলন শেষে তোজাম্মেল হোসেনকে সভাপতি এবং মইসিন মোল্লাকে সাধারণ সম্পাদক করে স্যার এ এফ রহমান হল জাতীয়তাবাদী ছাত্রদল শাখার কমিটি গঠন করা হয়।